মেহেরপুর-১ আসনেও বিএনপির মনোনয়ন পুনর্বিবেচনার দাবীতে বিক্ষোভ

সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণকে মনোনয়ন দেওয়ার প্রতিবাদে এবং মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সন্ধ্যায় জেলা বিএনপির কার্যালয় থেকে মিছিলটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর প্রেসক্লাবের সামনে গিয়ে শেষ হয়।

সেখানে বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মহাম্মদ, পৌর বিএনপির সভাপতি লতিফ বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাড. এহান উদ্দিন মানা। এসময় সমাবেশে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

সমাবেশে সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মহাম্মদ বলেন, কয়েক মাস আগে মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটি গঠন করা হয়। ওই কমিটিতে সাবেক এমপি মাসুদ অরুণকে শুধু সদস্য হিসেবে রাখা হয়, কোনো নেতৃত্ব বা গুরুত্বপূর্ণ পদ দেওয়া হয়নি।

বর্তমান জেলা কমিটি বিভিন্ন ইউনিটে কমিটি গঠন করে সংগঠনকে নতুনভাবে সুসংগঠিত করেছে বলে নেতারা দাবি করেন। তবে কেন্দ্রীয়ভাবে ঘোষিত মনোনয়নে এই কমিটির তৃণমূল নেতাদের না নিয়ে সাবেক এমপি মাসুদ অরুণকে প্রার্থী করায় নেতাকর্মীদের মধ্যে তীব্র ক্ষোভ সৃষ্টি হয়।

তিনি আরও বলেন, তৃণমূলের মতামত উপেক্ষা করে একতরফাভাবে মনোনয়ন দেওয়া হয়েছে, যা কোনোভাবেই মেনে নেওয়া হবে না। সুসংগঠিত জেলা কমিটিকে উপেক্ষা করে দলের ভবিষ্যৎকে ঝুঁকির মুখে ফেলা হয়েছে। বক্তারা কেন্দ্রীয় নেতাদের কাছে মনোনয়ন পুনর্বিবেচনার দাবি জানান।

পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. এহান উদ্দিন মনা বলেন,

মনোনয়ন পাওয়ার পর থেকে মাসুদ অরুনের নেতাকর্মীরা বিএনপির কর্মীদের হুমকি দিয়ে বেড়াচ্ছেন। মেহেরপুর জেলা বিএনপি অনেক শক্তিশালী এবং ঐক্যবদ্ধ এভাবে হুমকি দিয়ে লাভ হবে না। তিনি মনোনয়ন পুনর্বিবেচনার দাবি জানান।

এর আগে, বিএনপির মনোনয়ন ঘোষণার পরপরই মেহেরপুর-২ আসনের মনোনয়ন বাতিলের দাবিতে বিক্ষোভ এবং পরদিনে উভয় পক্ষের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। এতে উভয় পক্ষের দলীয় অফিস ভাংচুরের ঘটনা ঘটে। এতে উভয় পক্ষের ১০ জন আহত হয়।

দুই দিনের ব্যবধানে জেলার দুই আসনেই মনোনয়ন ইস্যুতে বিএনপির অভ্যন্তরীণ দ্বন্দ্ব প্রকাশ্যে রুপ নিয়েছে যা জেলার রাজনীতিতে নতুন উত্তেজনা তৈরি করেছে।

মেহেরপুরে উপজেলা প্রশাসন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল

মেহেরপুর জেলা স্টেডিয়ামে বর্ণাঢ্য আয়োজনে সম্পন্ন হয়েছে “উপজেলা প্রশাসন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৫”এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান।

বুধবার (৫ নভেম্বর) বিকেল ৩টায় উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থার আয়োজনে অনুষ্ঠিত ফাইনাল খেলায় দর্শকদের উপস্থিতিতে স্টেডিয়াম উৎসবমুখর হয়ে ওঠে।

ফাইনালে আমঝুপি ইউনিয়ন দল মুখোমুখি হয় শ্যামপুর ইউনিয়ন দলের। নির্ধারিত সময়ে গোলশূন্য ড্র হলে ট্রাইব্রেকারে শ্যামপুর ইউনিয়ন বিজয়ী হয়। বিজয়ী দলকে ট্রফি ও ২০ হাজার টাকা এবং রানার্সআপ দলকে ট্রফি ও ১৫ হাজার টাকা পুরস্কার হিসেবে প্রদান করা হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ড. মোহাম্মদ আবদুল ছালাম। তিনি বলেন,

খেলাধুলা তরুণ সমাজকে শৃঙ্খলাবোধ, অধ্যবসায় ও দলগত চেতনায় উদ্বুদ্ধ করে। খেলাধুলার মাধ্যমেই তরুণরা মাদক ও অপরাধ থেকে দূরে থাকতে পারে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম সভাপতির বক্তব্যে বলেন, উপজেলা প্রশাসনের এই আয়োজনের মূল লক্ষ্য তরুণ প্রজন্মকে সুস্থ বিনোদনের সঙ্গে সম্পৃক্ত করা। আমরা চাই প্রতিটি গ্রামে খেলাধুলার চর্চা আরও বাড়ুক।

অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা, সহকারী কমিশনার শেখ তহিদুল কবির, সদর থানার তদন্ত ইন্সপেক্টর আমিনুল ইসলামসহ জনপ্রতিনিধি ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

খেলা শেষে অতিথিরা বিজয়ী ও রানার্সআপ দলের হাতে পুরস্কার তুলে দেন।

মাটি ও পরিবেশ রক্ষায় মেহেরপুরে কৃষক ঐক্য ফাউন্ডেশনের পথসভা

“মাটি বাঁচাও, পরিবেশ বাঁচাও” এই প্রতিপাদ্যকে সামনে রেখে বাংলাদেশ কৃষক ঐক্য ফাউন্ডেশনের উদ্যোগে মেহেরপুর সদর উপজেলা পরিষদ চত্বরে পথসভা ও বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (৫ নভেম্বর) সকাল ১১টার দিকে শুরু হওয়া র্যালিটি উপজেলা চত্বর থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়।

অনুষ্ঠানে কৃষক ঐক্য ফাউন্ডেশনের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক জাহিদ হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান। বিশেষ

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের জেলা সভাপতি সাইদুর রহমান শাহীন এবং সমাজ ও পরিবেশ উন্নয়ন সংগঠনের সাধারণ সম্পাদক সুজন।

সভাপতির বক্তব্যে জাহিদ হাসান বলেন, “মাটিকে রক্ষা করতে হলে আমাদের প্লাস্টিক ও পলিথিনের ব্যবহার কমাতে হবে। পাশাপাশি রাসায়নিক সার ব্যবহার হ্রাস করে জৈব পদ্ধতিতে চাষাবাদ করতে হবে। অন্যথায় ভবিষ্যৎ প্রজন্ম মাটির প্রাকৃতিক সুফল থেকে বঞ্চিত হবে এবং পরিবেশ বিপর্যয়ের মুখে পড়বে।”

তিনি আরও বলেন, “উপজেলা কৃষি অফিসারের তালগাছ রোপণ অভিযানের উদ্যোগকে আমরা স্বাগত জানাই। তিনি এক লক্ষ তালগাছ রোপণের যে পরিকল্পনা নিয়েছেন, সেটিকে আগামীতে দুই লক্ষে উন্নীত করার দাবি জানাই।”

এর জবাবে কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান বলেন, “আপনাদের এই দাবি যথার্থ। আমি প্রতিশ্রুতি দিচ্ছি, আপনাদের প্রত্যাশা পূরণে সর্বোচ্চ চেষ্টা করব।”

অনুষ্ঠানে বক্তারা টেকসই কৃষি, পরিবেশ সংরক্ষণ ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সম্মিলিত উদ্যোগের আহ্বান জানান। আরও বলেন, পরিবেশ ও মাটির ভারসাম্য রক্ষা না করলে কৃষি উৎপাদনসহ মানুষের অস্তিত্বই হুমকির মুখে পড়বে। তাই এখনই সবাইকে সচেতন হয়ে গাছ লাগানো ও মাটির উর্বরতা রক্ষায় উদ্যোগ নিতে হবে।

গাংনীতে সাপের কামড়ে যুবকের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে বিষধর সাপের কামড়ে শামীম হোসেন (১৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ৮টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। নিহত শামীম হোসেন উপজেলার করমদি গ্রামের মিজানুর রহমানের ছেলে। গতকার মঙ্গলবার দিনগত মধ্যরাতে শয়নকক্ষে ঘুমন্ত অবস্থায়

সাপে কামড় দেয় শামীমকে।

স্থানীয়রা জানান, রাতে নিজ কক্ষে শামীম হোসেন ঘুমিয়ে ছিল। ঘুমন্ত অবস্থায় তাকে সাপে কামড় দেয়। পরে বাড়ির লোকজন বিষয়টি জানতে পেরে স্থানীয় এক ওঝার কাছে নিয়ে যায়। পরবর্তীতে তার অবস্থার অবনতি হলে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কিছুক্ষণ থাকার পর চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতিসহ চার নেতাকে বহিষ্কারের খবর ভুয়া

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) একটি ভুয়া প্রেস বিজ্ঞপ্তি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে।

মঙ্গলবার (০৪ নভেম্বর) দুপুর থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ওই তথাকথিত বিজ্ঞপ্তিতে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনসহ চারজন নেতাকে বহিষ্কারের দাবি করা হয়।

তবে বিষয়টি সম্পূর্ণ ভিত্তিহীন ও ভুয়া বলে জানিয়েছেন কেন্দ্রীয় বিএনপি নেতারা। তারা জানান, বিভ্রান্তি সৃষ্টি ও রাজনৈতিক উদ্দেশ্যে কেউ পরিকল্পিতভাবে এ ধরনের মিথ্যা বিজ্ঞপ্তি তৈরি করে ছড়িয়ে দিয়েছে। এতে দলের ভাবমূর্তি নষ্ট করার অপচেষ্টা চালানো হয়েছে।

এ ঘটনায় দায়ীদের শনাক্ত করতে স্থানীয় বিএনপি নেতারা কেন্দ্রীয় দপ্তারের সঙ্গে যোগাযোগ করেছেন। দলীয় সূত্রে জানা গেছে, ভুয়া বিজ্ঞপ্তিতে ব্যবহৃত স্বাক্ষর ও লেটারহেডও জালিয়াতির মাধ্যমে নকল করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বারাদী বাজারের আন্নাচ মার্কেটে শিশু নার্সিং ইসলামী একাডেমির উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার বারাদীতে শিশু নার্সিং ইসলামী একাডেমির শুভ উদ্বোধন হয়েছে। গতকাল সোমবার বিকেলে বারাদী বাজারস্থ আন্নাচ মার্কেট বিল্ডিয়ে শিশু নার্সিং ইসলামী একাডেমির শুভ উদ্বোধন করা হয়।

কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সিনিয়র শিক্ষক আলহাজ্ব হযরত মাওলানা তালিব উদ্দীন এর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইউনিয়ন বিএনপি’র সভাপতি আফারুল ইসলাম ডাবলু।

একাডেমির প্রিন্সিপাল মাওলানা মুফতি শামীম রেজা বলেন, এখানে জেনারেল শিক্ষার পাশাপাশি অভিজ্ঞ ক্বারী দ্বারা কুরআন, ফিকহ ও হিফজুল কুরআন বিভাগে শিক্ষা প্রদান করা হবে। এখান থেকে শিশুরা বাংলা, অংক, ইংরেজি ও সাধারণ শিক্ষার পাশাপাশি কোরআন হাদিস ও দ্বীনের জ্ঞান অর্জন করতে পারবে। তারা ইসলামী শিক্ষা গ্রহণের মাধ্যমে নৈতিক মুল্যবোধ তৈরি ও আদর্শ মানুষ হিসেবে গড়ে উঠবে। অনুষ্ঠান সঞ্চালনা করেন, মাওলানা জাহিদুল ইসলাম, অনুষ্ঠানে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন হাফেজ আব্দুল মোমিন। এসময় উপস্থিত ছিলেন, ইউপি সদস্য কামরুজ্জামান মুকুল, সাবেক ব্যাংক কর্মকর্তা আতিয়ার রহমান, ডাঃ আয়নাল সহ বারাদী বাজারের ব্যবসায়ী ও সুধীজন।

মেহেরপুরে জামায়াত প্রার্থী তাজউদ্দিন খানের গণসংযোগ

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর-১ আসনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী তাজউদ্দিন খান

গণসংযোগ পরিচালনা করেছেন।

গতকাল সোমবার বিকেল ৫টার দিকে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ট্যাংগারমাঠ ও বাবুরপাড়া গ্রামে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। স্থানীয় জনসাধারণের সাথে মতবিনিময় ও লিফলেট বিতরণের মাধ্যমে দলীয় প্রার্থীর পক্ষে সমর্থন আহ্বান জানানো হয়।

গণসংযোগে নেতৃত্ব দেন, মাওলানা তাজউদ্দিন খান। এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, কুতুবপুর ইউনিয়নের তদারকী মাওলানা জাবেরুল ইসলাম, ইউনিয়ন আমির ইমদাদুল হক, সেক্রেটারি পারভেজ হুসাইন, ট্যাংগারমাঠ ওয়ার্ড সভাপতি মমিনুল রহমানসহ স্থানীয় নেতাকর্মীরা।

গণসংযোগে বক্তারা আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনগণের সম্পৃক্ততা বাড়ানোর আহ্বান জানান এবং দলীয় প্রার্থীর বিজয় নিশ্চিত করতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার অনুরোধ জানান।

গাংনীতে বিএনপির মনোনয়ন পরিবর্তনের দাবিতে বিক্ষোভ

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপি’র সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেনের দলীয় মনোনয়ন বাতিল করে জেলা বিএনপি’র সভাপতি জাবেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন দেওয়ার দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছেন দলীয় নেতাকর্মীরা।

আজ সোমবার রাতে গাংনী শহরের বাসস্ট্যান্ড এলাকায় মেহেরপুর–কুষ্টিয়া মহাসড়কে টায়ারে আগুন জ্বালিয়ে বিক্ষোভ করেন মিল্টনপন্থী নেতাকর্মীরা। এতে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে এবং কিছু সময়ের জন্য যান চলাচল বন্ধ থাকে।

এর আগে সন্ধ্যায় বিএনপি’র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর আনুষ্ঠানিকভাবে মনোনয়ন তালিকা ঘোষণা করলে, আমজাদ হোসেনপন্থী নেতাকর্মীরা উল্লাসে ফেটে পড়েন। অন্যদিকে, মনোনয়ন না পাওয়ায় জেলা বিএনপি’র সভাপতি জাবেদ মাসুদ মিল্টনের অনুসারীদের মধ্যে তীব্র ক্ষোভ দেখা দেয়।

আজ রাত ৮টার দিকে ক্ষুব্ধ নেতাকর্মীরা সড়কের ওপর টায়ারে আগুন জ্বালিয়ে বিক্ষোভ শুরু করেন। পরে তারা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে মিছিল করেন।

বিক্ষোভ মিছিলে বিএনপি, যুবদল, ছাত্রদল ও মহিলা দলের নেতাকর্মীরা অংশ নেন। বিক্ষোভ সমাবেশে গাংনী উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল বলেন, ধানের শীষের বিজয় নিশ্চিত করতে হলে তৃণমূলের জনপ্রিয় নেতা জাবেদ মাসুদ মিল্টনকেই মনোনয়ন দিতে হবে। যতক্ষণ পর্যন্ত মনোনয়ন পরিবর্তন না হবে, ততক্ষণ পর্যন্ত আমাদের আন্দোলন চলবে।

স্থানীয় রাজনৈতিক পর্যবেক্ষকরা বলছেন, মনোনয়ন ঘোষণার পরপরই গাংনীতে বিএনপি’র ভেতরে বিরোধ প্রকাশ্যে এসেছে। পরিস্থিতি সামাল দিতে জেলা নেতৃত্ব ও আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক অবস্থায় রয়েছে।

মেহেরপুরে বিএনপির প্রার্থী হলেন মাসুদ অরুন ও আমজাদ হোসেন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুরর দুটি আসনে বিএনপির সম্ভাব্য প্রার্থীদের নাম ঘোষণা করা হয়েছে ।

মেহেরপুর-১ আসনে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য, সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সাবেক সভাপতি মাসুদ অরুন এবং মেহেরপুর-২ (গাংনী) আসনে জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেনের নাম ঘোষণা করা হয়েছে।
আজ সোমবার সন্ধ্যায় দলের স্থায়ী কমিটির মিটিং শেষে দলের মহাসচিব

মির্জা ফখরুল ইসলাম আলমগীর সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রার্থীদের নাম ঘোষণা করেন।
এদিকে, প্রার্থীদের নাম ঘোষনার খবর ছড়িয়ে পড়লে মেহেরপুর ও গাংনীতে নেতাকর্মীদের মধ্যে আনন্দ উচ্ছাস ও মিষ্টি বিতরণ করতে দেখা গেছে।